



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
উপজেলা সমাজসেবা কার্যালয়
ঝালকাঠি সদর, ঝালকাঠি
www.dss.sadar.jhalakathi.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.৪২৪০.০০০.০০০.১৮.০০০১.২৬.৫৯

তারিখ: ৬ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৯ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: উপজেলা সমাজসেবা কার্যালয়, ঝালকাঠি সদরের শূন্য পদে জনবল নিয়োগ/পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আবেদন।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ঝালকাঠি জেলাধীন উপজেলা সমাজসেবা কার্যালয়, সদরের প্রশাসনিক কার্যক্রম ও সেবার মান সমুন্নত রাখতে আমরা নিরলসভাবে কাজ করে যাচ্ছি। সেবা প্রত্যাশী ও উপকারভোগীদের সর্বোচ্চ সেবা নিশ্চিত করাই আমাদের মূল লক্ষ্য। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এই যে, বর্তমানে অনুমোদিত জনবল কাঠামোর বেশ কিছু পদ শূন্য থাকায় দাপ্তরিক কাজ পরিচালনা ও মাঠ পর্যায়ে সেবা পৌঁছে দিতে হিমশিম খেতে হচ্ছে।

মহোদয়ের সদয় অবগতির জন্য বর্তমান জনবল পরিস্থিতি নিচে উপস্থাপন করা হলো:

পদের নাম	অনুমোদিত পদ	কর্মরত	শূন্য পদ
উপজেলা সমাজসেবা অফিসার	০১	-	০১
সহকারী সমাজসেবা অফিসার	০১	-	০১
ফিল্ড সুপারভাইজার	০১	০১	-
উচ্চমান সহকারী	০১	-	০১
অফিস সহকারী	০১	০১	-
ইউনিয়ন সমাজকর্মী	০৭	০৭	-
কারিগরি প্রশিক্ষক	০৩	-	০৩
মোট	১৫	০৯	০৬

অতএব মহোদয়ের নিকট আবেদন উপকারভোগীদের সেবার মান অক্ষুণ্ণ রাখতে এবং দাপ্তরিক গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে জনবল নিয়োগ বা শূন্য পদগুলোতে অতি দ্রুত পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

১৯-০৪-২০২৬
মোঃ আসাদুজ্জামান
উপজেলা সমাজসেবা অফিসার (অঃদাঃ)

উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঝালকাঠি।

তারিখ: ৬ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৯ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪১.০১.৪২৪০.০০০.০০০.১৮.০০০১.২৬.৫৯/১(৩)

সদয় জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর।
- ২। পরিচালক (উপসচিব), প্রশাসন ও অর্থ অধিশাখা, সমাজসেবা অধিদফতর এবং
- ৩। পরিচালক (উপসচিব), বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, বরিশাল।



১৯-০৪-২০২৬
মোঃ আসাদুজ্জামান
উপজেলা সমাজসেবা অফিসার (অঃদাঃ)